

## 💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৮১৮

৯. কিতাবুস সালাত (کتاب الصلاة) পরিচ্ছেদঃ (৩২) চন্দ্র ও সূর্য গ্রহণের সালাত

32 \_ بَابُ صَلَاةِ الْكُسُوفِ

## আরবী

2818 \_ أَخْبَرَنَا الْحَسَنُ بْنُ سُفْيَانَ حَدَّثَنَا أَبُو بَكْرِ بْنُ أَبِي شَيْبَةَ: حَدَّثَنَا ابْنُ فُضيَيْلٍ عَنْ عَطَاءِ بْنِ السَّائِبِ عَنْ أَبِيهِ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ عَمْرِو قَالَ: انْكَسَفَتِ الشَّمْسُ عَلَى عَهْدِ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَامَ وقُمنا مَعَهُ ثُمَّ قَالَ:

(أَيُّهَا النَّاسُ إِن الشمس والقمر آيتان من آيات الله فإذا انكسف أحدهما فافزعوا إلى المساجد)

الراوي: عَبْد اللَّهِ بْن عَمْرٍو المحدث: العلامة ناصر الدين الألباني المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2818 | خلاصة حكم المحدث: صحيح لغيره ـ وهو مختصر الآتي (2827).

قَالَ أَبُو حَاتِمٍ: أُمِرَ فِي هَذَا الْخَبَرِ بِالصَّلَاةِ عِنْدَ كُسُوفِ الشَّمْسِ وَالْقَمَرِ وَهُوَ الْمَقْصُودُ فَأَطْلَقَ هَذَا الْمَقْصُودَ عَلَى سَبَبِهِ وَهُوَ الْمَسَاجِدُ لِأَنَّ الصَّلَاةَ تَتَّصِلُ فِيهَا لَا أَنَّ الْمَسَاجِدَ يُسْتغنى بِحُضُورِهَا عِنْدَ كُسُوفِ الشَّمْسِ أَوِ الْقَمَرِ دون الصلاة.

## বাংলা

২৮১৮. আব্দুল্লাহ বিন আমর রাদিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, তিনি বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের সময় সূর্য গ্রহণ লাগে, তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম দাঁড়ান আর আমরাও তাঁর সাথে দাঁড়াই। তারপর তিনি বলেন, "হে লোকসকল, নিশ্চয়ই চন্দ্র ও সূর্য আল্লাহর নিদর্শনসমূহ হতে দুটি নিদর্শন। কাজেই যখন এর কোন একটি গ্রহণ লাগবে, তখন ভীত-সন্তস্ত্র হয়ে মাসজিদে যাবে।"[1]

আবৃ হাতিম ইবনু হিব্বান রহিমাহ্ল্লাহ বলেন, "এই হাদীসে চন্দ্র ও সূর্য গ্রহণের সময় সালাত আদায় করার নির্দেশ



দেওয়া হয়েছে। এটাই হলো হাদীস দ্বারা উদ্দেশ্য। এই উদ্দেশ্য বুঝাতে এখানে সবব বা উপকরণ ব্যবহার করা হয়েছে। আর সেটি হলো মাসজিদসমূহ। কেননা সালাত এখানেই আদায় করা হয়। এটা উদ্দেশ্য নয় যে, সূর্য ও চন্দ্র গ্রহণের সময় সালাত আদায় না করে শুধু মাসজিদে উপস্থিত হলেই যথেষ্ট হয়ে যাবে।"

## ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ২/১৫৯; সহীহ ইবনু খুযাইমাহ: ১৩৮৯; নাসাঈ: ৩/১৩৭-১৩৮; হাকিম: ১/৩২৯; আবূ দাউদ: ১১৯৪।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ লিগাইরিহী বলেছেন। (সহীহ আবু দাউদ: ১০৬৮)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আমর ইবনুল আস (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন